

“শেখ হাসিনার বারতা
নারী পুরুষ সমতা”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প
মহিলা বিষয়ক অধিদপ্তর
৩৭/৩ ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা।


স্মারক নং: ৩২.০১.০০০০.০০৩.১৪.০৩১.১৮(অংশ-১)- ৫৭৩

তারিখঃ ১১.১২.২০২৩খ্রি.

বিষয়: ‘কিশোর কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প’র ক্লাব কো-অর্ডিনেটরদের দায়িত্ব পালন প্রসঙ্গে।

মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের আওতাধীন মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নধীন ‘কিশোর-কিশোরী ক্লাব স্থাপন’ প্রকল্পের ডিপিপি অনুসারে ক্লাব কার্যক্রম পরিচালনা ও নিয়মিত মনিটরিং করার জন্য ক্লাব কো-অর্ডিনেটর হিসেবে ইউনিয়ন পর্যায়ে মহিলা ইউপি সদস্য এবং পৌরসভা পর্যায়ে মহিলা কাউন্সিলর কাজ করবেন। উক্ত কাজ করার জন্য ডিপিপিতে প্রত্যেক ক্লাব কো-অর্ডিনেটরের জন্য মাসিক ২০০০/- টাকা সম্মানী বরাদ্দ রয়েছে। কিন্তু তারা যথাযথভাবে দায়িত্ব পালন করছেন না মর্মে তথ্য পাওয়া যায়। গত ২০/১০/২০২২ এবং ২১/১০/২০২২ খ্রি: তারিখে পরিকল্পনা মন্ত্রণালয়ের বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের সেক্টর-৭ এর পরিচালক জনাব খলিল আহমেদ চট্টগ্রাম ও কক্সবাজার জেলার ক্লাবসমূহ পরিদর্শন করেন। পরিদর্শন প্রতিবেদনে তিনি উল্লেখ করেন যে, ক্লাব পরিচালনায় ক্লাব কো-অর্ডিনেটরদেরকে মাসিক ২০০০/- হারে সম্মানী প্রদান করা হলেও তাদের দায়িত্ব যথাযথভাবে পালন করেন না। প্রকল্প পরিচালক মাঠ পর্যায়ে ক্লাব কার্যক্রম পরিদর্শনকালে স্টেকহোল্ডারদের সাথে যোগাযোগ করে জানতে পারেন যে, ক্লাব কো-অর্ডিনেটরগণ প্রকল্পের কার্যক্রমে তেমন কোন ভূমিকা পালন করছেন না।

এমতাবস্থায় ক্লাব কো-অর্ডিনেটরগণ যাতে তাদের উপর অর্পিত দায়িত্ব যথাযথভাবে পালন করে সে বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।



মোঃ ইকবাল হোসেন

(যুগ্মসচিব)

প্রকল্প পরিচালক

কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প

মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।

উপজেলা নির্বাহী কর্মকর্তা
(সকল উপজেলা)

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে:

- ১। মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
- ২। জেলা প্রশাসক (সকল জেলা)।
- ৩। উপপরিচালক (সকল জেলা), মহিলা বিষয়ক অধিদপ্তর।
- ৪। সহকারী পরিচালক, (ওয়েবসাইটের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা)। মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা। (ওয়েবসাইটে প্রকাশের জন্য)
- ৫। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা (সকল উপজেলা), মহিলা বিষয়ক অধিদপ্তর।
- ৬। ফিল্ড সুপারভাইজার (সকল), কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প।
- ৭। কো-অর্ডিনেটর (সকল), কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প।
- ৮। অফিস কপি।